গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা।
(স্থানীয় সরকার শাখা)।
www.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২০০.০৭০.০০.০০০(অংশ-৩).২২- ৪৮৭

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪৩২ / ২৪ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

গাইবান্ধা জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদসমূহের **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা** ও ইউনিয়ন পরিষদ **হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর** এর শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য কেবল গাইবান্ধা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online-এ (http://dcgaibandha.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা | ১০,২০০-২৪,৬৮০/- (জাতীয় বেতন স্কেল/ ২০১৫, গ্রেড নং-১৪) | ০৭ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২ | হিসাব সহকারী- কাম-কম্পিউটার অপারেটর | ৯৩০০-২২,৪৯০/-(জাতীয় বেতন স্কেল/২০১৫, গ্রেড নং-১৬) | ০৫ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন ২য় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। |

## শর্তাবলী

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং গাইবান্ধা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. প্রার্থীর বয়স ৩০.০৮.২০২৫ তারিখে অবশ্যই ১৮ হতে ৩২ বছরের মধ্যে থাকতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩. নিয়োগের ক্ষেত্রে ২৩ জুলাই ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নং প্রজ্ঞাপনের আদেশ মোতাবেক মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গসহ সরকার নির্ধারিত কোটা অনুসরণ করা হবে।

০৪. এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী) বিধিমালা, ২০১১ অনুসরণ করা হবে; এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারী যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৫. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

০৬. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৭. নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি অনুসারে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

০৮. আগামী ০১.০৮.২০২৫ তারিখ সকাল ০৯.০০ টা হতে ৩০.০৮.২০২৫ তারিখ বিকাল ০৪.০০ টা পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না। সরাসরি/ডাকযোগে প্রেরিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৯. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ক) সংশ্লিষ্ট পৌর মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের অনুলিপি।
(খ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের অনুলিপি।
(গ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রদত্ত অনাপত্তিপত্র।
(ঘ) ভোটার আইডি/ জন্ম নিবন্ধন সনদ (ভোটার আইডি কার্ড না থাকলে জন্ম নিবন্ধন সনদ)।
(ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
(চ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদ এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা পৌর প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র।

১০. নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত করা হবে।

১১. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে আবেদন/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসাবে বিবেচিত হবেন না।

১৩. অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি ঃ

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcgaibandha.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১.০৮.২০২৫ সকাল ৯.০০ টা।

ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩০.০৮.২০২৫ বিকাল ৪.০০ টা পর্যন্ত। উক্ত সময়ের মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থী গণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য, ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে ডাউনলোড ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকা অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বারো) টাকা আবেদন Submit করার পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল পদে অনগ্রসর ( শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী) নাগরিকদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপান্ন) টাকা আবেদন Submit করার পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

ঙ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

[redacted]: DCGAIBANDHA<space> User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example : DCGAIBANDHA **ABCDEF**

Reply : Applicant's Name, Tk. 112 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCGAIBANDHA Yes PIN and send to ১৬২২২.

[redacted] DCGAIBANDHA <space> Yes <space> PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example : DCGAIBANDHA **YES ১২৩৪৫৬৭৮**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DCGAIBANDHA Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcgaibandha.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে:

DCGAIBANDHA<space> Help <space> User <space> User ID & Send to 16222

Example: DCGAIBANDHA **Help User 12345678** Send to 16222

ii) PIN Number জানা থাকলে:

DCGAIBANDHA <space> Help<space> PIN <space>PIN NO & Send to 1622

Example: DCGAIBANDHA **Help PIN 12345678** Send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা alljobs.query@teletalk.com.bd বা adcgeneral_gaibandha@yahoo.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরূদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৪। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার আবেদন/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা এর Website: www.gaibandha.gov.bd এ বিজ্ঞপ্তিসহ তৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টালে http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.gaibandha.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে;

১৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

১৮। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে।

১৯। আবেদনপত্র গ্রহণ/বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

২০। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২৪/০৭/২৫

(চৌধুরী মোয়াজ্জম আহমদ)
জেলা প্রশাসক
গাইবান্ধা
☎ ০২-৫৮৮৮৭৭৫০০
mail: dcgaibandha@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২০০.০৭০.০০.০০০(অংশ-৩).২২-৪৯৭

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪৩২ / ২৪ জুলাই ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক,..........................(সকল)।
৪। পুলিশ সুপার, গাইবান্ধা।
৫। সিভিল সার্জন, গাইবান্ধা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা।
৮। প্রশাসক, গাইবান্ধা পৌরসভা, গাইবান্ধা।
৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/ উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট), গাইবান্ধা।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ..................................(সকল), গাইবান্ধা।
১১। সহকারী কমিশনার, ভূমি, ...................................(সকল), গাইবান্ধা।
১২। সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার, ....................................... শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং৩/৩.৫/এ.৭/এ রোড# ১৭, গুলশান ১, ঢাকা-১২১২
১৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গাইবান্ধা।
১৫। জেলা তথ্য অফিসার, গাইবান্ধা (জেলার গুরুত্বপূর্ণ এবং জনসমাগমপূর্ণ স্থানে জনস্বার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
১৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। বিজ্ঞাপন, ম্যানেজার, দৈনিক..................................ও দৈনিক..............................বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ..................... তারিখ এক দিনের জন্য স্বল্প পরিসরে (১২ ইঞ্চি × ৩ কলাম) ভিতরের পাতায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং পাঁচ কপি পত্রিকা বিলসহ এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৮। অফিস কপি

জেলা প্রশাসক
গাইবান্ধা